

সারাদেশ

দরপত্রের কাজ আটকে তিন লাখ টাকা ঘুষ নেওয়ার অভিযোগ ঘাটাইলের ইউএনওর বিরুদ্ধে

প্রতিবেদক: নিজস্ব প্রতিবেদক

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



লক্ষ্মিন্দর ইউনিয়নের প্রশিকা বনায়ন প্রকল্পের গাছ কাটার একটি দরপত্র ঘিরে ঘাটাইলের ইউএনও মো. মাহমুদুল হাসানের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ উঠেছে। সংশ্লিষ্ট ঠিকাদারদের দাবি, দায়িত্ব নেওয়ার পর তিনি চলমান কাজ বন্ধ করে দেন। পরে অর্থের বিনিময়ে আবার কাজের অনুমতি দেওয়া হয়।

সংশ্লিষ্ট সূত্র জানায়, সাবেক ইউএনও মো. আবু সাঈদের সময় প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র আহ্বান করা দরপত্রে পাঁচটি ঠিকাদার প্রতিষ্ঠান ২৯ লাখ ২৬ হাজার ৪০২ টাকার কার্যাদেশ পায়। কাজের প্রায় এক-তৃতীয়াংশ শেষ হওয়ার পর নতুন ইউএনও মো. মাহমুদুল হাসান দায়িত্ব নেন।

দায়িত্ব নেওয়ার পর তিনি প্রকল্প এলাকা পরিদর্শন করেন। গাছের মাপজোক ও মূল্য নির্ধারণে অসঙ্গতির অভিযোগ তুলে কাজ বন্ধের নির্দেশ দেন। কেটে রাখা গাছ স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের জিম্মায় রাখতে বলা হয়।

ঠিকাদারদের অভিযোগ, পরে তাঁরা প্রয়োজনীয় কাগজপত্র নিয়ে ইউএনও কার্যালয়ে যান। দরপত্রের বৈধতার বিষয়টি তুলে ধরেন। ইউএনও যাচাইয়ের আশ্বাস দিলেও দীর্ঘদিন কোনো সিদ্ধান্ত দেননি।

ঠিকাদারদের দাবি, একপর্যায়ে কাজ পুনরায় চালুর অনুমতি দিতে প্রথমে ১০ লাখ টাকা দাবি করা হয়। পরে দর-কষাকষির মাধ্যমে তিন লাখ টাকায় সমঝোতা হলে কাজের অনুমতি দেওয়া হয়।

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র, ঘাটাইলের ব্যবস্থাপক সেফায়েত উল্লাহ বলেন, তাঁরা বিধি অনুযায়ী দরপত্র আহ্বান করেছিলেন। সর্বোচ্চ দরদাতাদের কার্যাদেশ দেওয়া হয়েছিল। পরে নতুন ইউএনও মেজারমেন্ট ও মূল্য নির্ধারণে আপত্তি জানিয়ে কাজ বন্ধ করে দেন।

অভিযোগ সম্পর্কে জানতে ইউএনও মো. মাহমুদুল হাসানের সঙ্গে একাধিকবার যোগাযোগ করা হয়। কাজ বন্ধ করার পর একই প্রকল্পে কী কারণে আবার কাজের অনুমতি দেওয়া হলো এবং ঠিকাদারদের কাছ থেকে অর্থ দাবির অভিযোগ সম্পর্কে জানতে চাইলে তিনি ফোন কেটে দেন। পরে খুদে বার্তা পাঠানো হলেও তাঁর কোনো বক্তব্য পাওয়া যায়নি।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়নে ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে ইমাম-ওলামা মশায়েখ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পানবার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ভেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গা...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা ছাত্রদলের আহ্বায়ক মো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/drptrer-kaj-atke-tin-lakh-taka-ghush-neoyar-obhijog-ghatailer-iuenor-biruddhe>